

## 📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪: ২৭

## **া** আরবি মূল আয়াত:

## إِنَّا مُرسِلُوا النَّاقَةِ فِتنَةً لَّهُم فَارتَقِبهُم وَ اصطَبِر ﴿٢٧﴾

## 

নিশ্চয় আমি তাদের জন্য পরীক্ষাস্বরূপ উদ্ধী পাঠাচ্ছি। অতএব তুমি তাদের ব্যাপারে অপেক্ষা কর এবং ধৈর্যধারণ কর। — আল-বায়ান

আমি একটা উদ্ভ্রী পাঠাচ্ছি, তাদেরকে পরীক্ষা করার জন্য, কাজেই (হে সালিহ!) তুমি তাদের আচরণ লক্ষ্য কর আর ধৈর্য ধর। — তাইসিরুল

আমি তাদের পরীক্ষার জন্য পাঠিয়েছি এক উদ্রী; অতএব তুমি তাদের আচরণ লক্ষ্য কর এবং ধৈর্যশীল হও, — মুজিবুর রহমান

Indeed, We are sending the she-camel as trial for them, so watch them and be patient. —  $Sahih\ International$ 

২৭. নিশ্চয় আমরা তাদের পরিক্ষার জন্য উদ্ভী পাঠিয়েছি, অতএব আপনি তাদের আচরণ লক্ষ্য করুন এবং ধৈর্যশীল হোন।

তাফসীরে জাকারিয়া

- (২৭) নিশ্চয় আমি তাদের পরীক্ষার জন্যে এক উদ্রী পাঠাব;[1] অতএব তুমি (হে স্বালেহ) তাদের আচরণ লক্ষ্য কর এবং ধৈর্যশীল হও। [2]
  - [1] এই দেখার জন্য যে, তারা ঈমান আনে, না আনে না? এটা সেই উটনী, যা মহান আল্লাহ তাদেরই দাবীর ভিত্তিতে কঠিন পাথর থেকে বের করেছিলেন।
  - [2] অর্থাৎ দেখ, তারা নিজেদের অঙ্গীকার অনুযায়ী ঈমানের পথ ধরে, না ধরে না? এবং তাদের কষ্টদানের উপর ধৈর্য ধারণ কর।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন